মা

অজয় দাশগুপ্ত

মা যেন কভু না হারায়
রাখবে তাকে পাহারায়
যেমন করে তোমায় রেখেছিলেন।

শুনিয়ে সুর লহরী
তোমার ঘুমের প্রহরী
তোমার চোখে স্বপ্ন একেঁছিলেন।

যেমন আকাশ পরি মাপে
তেমনি বড় পরিমাপে
তোমায় তিনি বড়ই দেখেছিলেন।

আজকে তুমি যাই হও না
হও কিংবা না হও না
প্রথম কাজল তিনিই মেখেছিলেন।

অস্থি তোমার তোমার মজ্জা
তোমার জয় তোমার লজ্জা
আঁচল দিয়ে তিনিই ঢেঁকেছিলেন।

নীল আকাশে ঘুরতে দিয়ে
পাখির মত উড়তে দিয়ে
তিনিই শুধু ক্রমাগত দূরে থেকেছিলেন।

এখন তুমি পরিণত
এসো হৃদয় করি নত
খুঁজতে থাক কখন তিনি কেন ডেকেছিলেন।

যদি তিনি আর না থাকে
দেশ মাটিতে খুঁজবে তাকে
রাখবে তাঁকে বুকের ভেতর
সুখের ভেতর দুখের ভেতর
নির্জনতায় লোকের ভেতর
ভর দুপুরে চোখের ভেতর
রাত নিশীথে তারার ভেতর
মানুষ ভর্তি পাড়ার ভেতর
গলির মোড় ও ছাদের ভেতর
হারিয়ে যাবে তাদের ভেতর
যাদের তিনি ভালবেসে বুকে রেখেছিলেন।